VESUVIUS

September 15, 2025

To,

| | |
|---|---|
| BSE Limited<br>The Corporate Relationship Department<br>Phiroze Jeejeebhoy Towers<br>Dalal Street,<br>Mumbai – 400 001 | National Stock Exchange of India Limited<br>Listing Department, Exchange Plaza,<br>5th Floor, Plot No C/1, G Block,<br>Bandra-Kurla Complex, Bandra (E),<br>Mumbai – 400 051 |
| **Scrip Code: 520113** | **Scrip Code: VESUVIUS** |

Dear Sirs/Madam,

**Subject: Newspaper advertisement regarding "100 days Campaign - Saksham Niveshak"**

Pursuant to Regulation 30 & 47 Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 as amended, please find enclosed herewith copies of the Newspaper advertisement published pursuant to the Investor Education and Protection Fund Authority's (IEPFA) "100-Days Campaign-Saksham Niveshak, on September 15, 2025, in the following newspapers:

a) Business Standard in English
b) Aaj Kal in Bengali

This for your information and record.

Thanking you,

Yours faithfully,
For **Vesuvius India Limited**

SAHEB ALI
Digitally signed by SAHEB ALI
Date: 2025.09.15 17:36:13 +05'30'

VESUVIUS INDIA LTD. P-104, TARATALA ROAD Kol - 88

Saheb Ali
**Company Secretary & Compliance Officer**
(Membership No.: A33361)

# ২ অধ্যাপক পেলেন জে সি বোস ফেলোশিপ

আজকালের প্রতিবেদন

কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ–এর রসায়ন বিভাগের দুই অধ্যাপক তাঁদের যুগান্তকারী গবেষণার জন্য জে সি বোস ফেলোশিপ পেলেন। দুই অধ্যাপক হলেন অধ্যাপক স্বাধীন কে মণ্ডল এবং অধ্যাপক রাহুল ব্যানার্জি। শিল্প ক্ষেত্রে শক্তির উৎস হিসেবে বর্তমানে যা ব্যবহার করা হচ্ছে তা যথেচ্ছ ব্যবহারের জন্য আগামী একশো বছরের মধ্যে ফুরিয়ে যাবে। এই সমস্যার দীর্ঘমেয়াদি সমাধান করতে পরিবেশবান্ধব বিকল্পের সন্ধানে গবেষণারত ছিলেন অধ্যাপক স্বাধীন কে মণ্ডল। উল্লেখ্য, শিল্পক্ষেত্রে প্রচুর পরিমাণে ব্যয়বহুল এবং পরিবেশের পক্ষে ক্ষতিকারক অনুঘটক ব্যবহার হয়ে থাকে। অধ্যাপক মণ্ডলের লক্ষ্য ছিল অনুঘটকের প্রয়োজনীয়তা কমানো। সেই সঙ্গে রাসায়নিক বিক্রিয়া ঘটানোর জন্য বিভিন্ন সংকর ধাতুর ব্যবহার করা হয়। এই ধাতুগুলো বেশির ভাগ ক্ষেত্রে খুবই বিষাক্ত হয়ে থাকে। অধ্যাপক মণ্ডল সংকর ধাতুকে অনুকরণ করে এমনই এক অনুঘটক তৈরি করেছেন যা রাসায়নিক বিক্রিয়ায় অংশ নেবে, কিন্তু কোনও রকম ক্ষতিকর প্রভাব ফেলবে না পরিবেশে। সম্পূর্ণ ভাবে পরিবেশবান্ধব। ফলে শিল্পক্ষেত্রে এই অনুঘটকের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ হবে। সেই সঙ্গে তাঁর গবেষক দল এমন এক ধরনের ধাতুবিহীন অনুঘটক তৈরি করেছেন যা কার্বন ডাই অক্সাইডের সঙ্গে বিক্রিয়া করে অন্য পদার্থ তৈরি করতে সক্ষম। যা গ্রিন হাউস গ্যাস নির্গমন কমাতে সাহায্য করবে। অধ্যাপক রাহুল ব্যানার্জির গবেষণার বিষয় ছিল ফিল্টারের কাজ করবে এমন এক ছিদ্রযুক্ত পদার্থ তৈরি করা। তিনি এবং তাঁর গবেষক দল এমন পদার্থ তৈরি করেছেন যা আণবিক স্তরে সকল তরল ও গ্যাসের মধ্যে পার্থক্য করতে পারবে। পদার্থটি পরিবেশ থেকে কার্বন ডাই অক্সাইড গ্যাসকে সহজে শুষে নিতেও পারবে। হাইড্রোজেন এবং মিথেনের মতো জ্বালানিকেও শুষে নিতে সক্ষম হবে। এছাড়াও জল থেকে দূষিত পদার্থ দূরীকরণ করতে পারবে। স্বাধীন কে মণ্ডল বলেন, 'এই ফেলোশিপ পাওয়া খুবই সম্মানের।'




অধ্যাপক স্বাধীন কে মণ্ডল ও রাহুল ব্যানার্জি।

# ভারসাম্যহীন যুবককে নেপাল থেকে ফেরানোর উদ্যোগ

আজকালের প্রতিবেদন

নেপালে রয়েছেন সোদপুর থেকে নিখোঁজ হয়ে যাওয়া মানসিক ভারসাম্যহীন এক যুবক। সম্প্রতি তাঁর খোঁজ মেলে। তাঁকে এ রাজ্যে পরিবারের কাছে ফিরিয়ে আনার তোড়জোড়ও চলছিল। কিন্তু নেপালে হঠাৎই বিক্ষোভ শুরু হওয়ায় পরিস্থিতি পাল্টে গিয়েছে। আর যোগাযোগই করা যাচ্ছে না তাঁর সঙ্গে। ওই যুবককে পরিবারের কাছে ফেরাতে কলকাতার নেপালের দূতাবাস ও নেপালের ভারতীয় দূতাবাসের দ্বারস্থ ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাব।

চলতি বছরের জানুয়ারি মাসে সোদপুর থেকে নিখোঁজ হয়ে গিয়েছিলেন অভিষেক ঘোষ নামে এক যুবক। ২৮ আগস্ট মানসিক ভারসাম্যহীন ওই যুবকের খোঁজ পাওয়া যায় নেপালে। সেখানে এক সমাজকর্মী দীপক কর্ণ তাঁকে উদ্ধার করেছেন। তিনি মোরাঙ্গে বিরাটনগরের মেট্রো পলিথিন সিটিতে আছেন ওই সমাজকর্মীর তত্ত্বাবধানে। ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের সম্পাদক অম্বরিশ নাগ বিশ্বাস জানালেন, আমরা সেখানকার হ্যাম সদস্যদের সঙ্গে যোগাযোগ করছি রেডিও সিগন্যালে। কিন্তু দীপক কর্ণ নিজে হ্যাম নন। তাই তাঁর সঙ্গে যোগাযোগ করা যাচ্ছে না। ফোন, নেট সব বন্ধ সেখানে। অগ্নিগর্ভ পরিস্থিতিতে সেখানকার হ্যামরাও তাঁর সঙ্গে দেখা করতে পারছেন না। ফলে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। আমরা কলকাতার নেপাল দূতাবাসের সঙ্গে কথা বলেছি। কথা হয়েছে কাঠমাণ্ডুর ভারতীয় দূতাবাসের সঙ্গেও। তারা জানিয়েছে, দ্রুত ওই যুবককে ফিরিয়ে আনার জন্য চেষ্টা করা হচ্ছে।



সোদপুরের নিখোঁজ মানসিক ভারসাম্যহীন যুবক অভিষেক ঘোষ। ছবি: আজকাল



প্রবল বৃষ্টির কারণে আলিপুরদুয়ারের ফালাকাটার রিচাবাগানে একটি ৬৩ কেভিএ (১) ডিস্ট্রিবিউশন ট্রান্সফর্মার বিকল হয়ে যায়। প্রায় ১৫০ গ্রাহকের বাড়িতে বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হয়। ডব্লিউবিএসইডিসিএল ২৪ ঘণ্টাই পরিস্থিতির ওপর নজর রাখছে। গ্রাহকদের নিরাপত্তার দিকে নজর রাখা হচ্ছে। পরিস্থিতির উন্নতি হলেও সরবরাহ স্বাভাবিক করা হবে বলে সংস্থার তরফে জানানো হয়েছে। রবিবার। ছবি: আজকাল



পূর্ব কলকাতা সুভাষ মেলার উদ্যোগে ইলিশ উৎসবে প্রাক্তন সাংসদ কুণাল ঘোষ, বিধায়ক পরেশ পাল, স্বর্ণকমল সাহা, কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষ, কাউন্সিলর অয়ন চক্রবর্তী, সঞ্জয় বক্সি প্রমুখ। রবিবার। ছবি: আজকাল

# মেট্রোয় ৮০০ অতিরিক্ত নিরাপত্তারক্ষী

আজকালের প্রতিবেদন

দক্ষিণেশ্বরের ঘটনার পর টনক নড়েছে মেট্রো কর্তৃপক্ষের। রবিবার মেট্রোর তরফে জানানো হয়, ৮০০ অতিরিক্ত নিরাপত্তারক্ষী নিয়োগ করা হবে। একই সঙ্গে কলকাতা মেট্রোর দাবি, একশো শতাংশ নিরাপদ যাত্রীরা। দক্ষিণেশ্বরের ঘটনা বিচ্ছিন্ন একটি ঘটনা মাত্র। যাত্রীদের সঙ্গের ব্যাগ নিয়মিত পরীক্ষা করা হচ্ছে। মেটাল ডিটেক্টর ও সিসিটিভির সাহায্যও নেওয়া হচ্ছে প্রতিটি স্টেশনে। নজরদারিও বাড়ানো হয়েছে। তবু মানুষের উদ্বেগের কথা মাথায় রেখে আরও ৮০০ জন নিরাপত্তাকর্মী নিয়োগ করা হবে। উল্লেখ্য, বৃহস্পতিবার দক্ষিণেশ্বর স্টেশনে এক যুবক খুন হন। অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। তবে মেট্রো চত্বরে কীভাবে অস্ত্র হাতে খুনি প্রবেশ করেছে, এই প্রশ্নে মেট্রোর নিরাপত্তা নিয়ে অনেকেই সন্দেহ প্রকাশ করেন। তাই রবিবার মেট্রোর তরফে দাবি করা হয়, কলকাতা মেট্রো যাত্রীদের জন্য সুরক্ষিত ও নিরাপদ।

# ৫টি নতুন রেক চাইল পূর্ব রেল হাওড়াতেও চলবে এসি লোকাল

তরুণ চক্রবর্তী

আগামী দিনে হাওড়াতেও চলবে এসি লোকাল ট্রেন। পূর্ব রেলের জেনারেল ম্যানেজার মিলিন্দ দেউস্কর সেই উদ্দেশ্যেই রেলবোর্ডের কাছে আরও পাঁচটি এসি রেক চেয়েছেন। জানা গিয়েছে, এই রেকগুলি পাওয়া গেলে দুটি রেক দেওয়া হবে হাওড়া ডিভিশনকে। বাকি তিনটি রেক কী হবে, এখনও জানা যায়নি। এদিকে, পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন পুজোর দিনগুলোতে ভিড় সামলাতে রাতভর ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ডিআরএম রাজীব সাক্সেনা জানিয়েছেন, পুজোর দিনগুলোতে যাত্রী–স্বাচ্ছন্দ্যের কথা মাথায় রেখে রাতভর ট্রেন চালাবে শিয়ালদা ডিভিশন। কল্যাণী ও সোনারপুর স্টেশনে রাখা থাকবে অতিরিক্ত রেক। প্রয়োজন হলেই বাড়তি রেক চালানো হবে। থাকছে রাতভর নিরাপত্তা ব্যবস্থাও। পুজো উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছাও জানিয়েছেন ডিআরএম।



সপ্তমী থেকে দশমী রাত ১১টার পর থেকে শিয়ালদা ডিভিশনে তিরিশ মিনিট অন্তর চলবে লোকাল ট্রেন। থামবে সব স্টেশনে। তবে কল্যাণী মেইন স্টেশন থেকে কল্যাণী সীমান্ত পর্যন্ত ট্রেন চলাচল পুজোর চার দিন সন্ধের পর থেকে বন্ধ থাকবে। তবে পুজোর দিনগুলোতে রাতে এসি ট্রেনে ঘোরার বিশেষ কোনও ব্যবস্থা করা হচ্ছে না। অতিরিক্ত ভিড়ের কারণেই এসি স্পেশ্যাল লোকাল ট্রেন পুজোর সময় চালাতে চাইছেন না রেলকর্তারা। তবে রেগুলার এসি ট্রেন পুজোর সময়ও চলবে বলেই শোনা যাচ্ছে। পুজোয় ভিড় নিয়ন্ত্রণে এখন থেকেই প্রস্তুতি নিতে শুরু করেছে শিয়ালদা ডিভিশন। সেইমতো ব্যবস্থাও নেওয়া হচ্ছে। এদিকে, এসি ট্রেনের জনপ্রিয়তা বেড়েই চলেছে। তিন জোড়া এসি লোকালই চলছে নির্বিঘ্নে। টিকিট বিক্রিও আশানুরূপ হচ্ছে বলেই জানা গিয়েছে। বর্তমানে শিয়ালদা ডিভিশনের হাতে দুটি রেক এসি রয়েছে। পূর্ব রেল নতুন করে আরও পাঁচটি রেক চেয়েছে। এই পাঁচটি রেক এলে কলকাতার শহরতলির যাত্রীদের আরও সুবিধা হবে বলে রেলকর্তারা মনে করছেন। হাওড়া লাইনের যাত্রীরাও পাবেন এসি রেকে চড়ার সুবিধা। তবে কবে নাগাদ এসি রেক আসবে তা এখনও জানা যায়নি।

# নেতাজি জাতীয় সেবাদলে 'আবর্ত', গোলাঘাটায় 'ব্রেক ফেল'

আজকালের প্রতিবেদন

**নেতাজি জাতীয় সেবাদল**

ভারতীয় ধর্মতত্ত্ব ও শিল্পভাষা তন্ত্রকে আত্মস্থ করে তাকে জটিল প্রতিমাবিদ্যা, গূঢ় আচার ও গুপ্তদর্শনের পথে নিয়ে যায়। অথচ এক সময় এই তন্ত্রই ছিল মুক্তচিন্তার দার্শনিক ধারা, যা সকলের জন্য উন্মুক্ত ছিল। তন্ত্রের জন্মই ছিল বিদ্রোহের মতো, যে সময় সমাজ বর্ণভিত্তিক ও পুরুষতান্ত্রিক আচার–অনুশাসনে আবদ্ধ, ঠিক সেইসময়ে তন্ত্র শরীরকে করে তোলে মুক্তির দরজা, নারীশক্তিকে স্থাপন করে সাধনার কেন্দ্রে। এখান থেকেই শক্তি–উপাসনার জন্ম, যা উপমহাদেশের নানা প্রান্তে ভিন্ন ভিন্ন রূপে ফুটে ওঠে। যোগসাধনা, মন্ত্র, যন্ত্র কিংবা মণ্ডল– সবকিছুর মধ্যে তন্ত্র বারবার মনে করিয়ে দেয়, মানবদেহ কেবল পার্থিব অস্তিত্ব নয়। সেই প্রাচীনকালের যোগসাধনা, মন্ত্র, যন্ত্রকেই দুর্গাপুজোর থিমের বিষয় করেছে টালিগঞ্জ এলাকার নেতাজি জাতীয় সেবাদল। তাদের ৭৫তম বর্ষের ভাবনা 'আবর্ত'–এর মাধ্যমে। পুজো কমিটির সভাপতি কৌশিক বণিক জানালেন, 'প্রাচীনকালের মন্দিরের আদলে তৈরি হচ্ছে মণ্ডপ। থিম ভাবনায় শিল্পী অভিজিৎ ঘটক।' শিল্পী অভিজিৎ ঘটক বলেন, 'মণ্ডপে দর্শকরা নিও তান্ত্রিক আর্টের দেখবেন। গর্ভগৃহে দেখা যাবে, মধ্যপ্রদেশের চৌষট্টি যোগিনী মন্দিরের আদল। যেখান থেকে তন্ত্রের উদ্ভব। মন্দির মাঝে মা দুর্গা অধিষ্ঠিত। তাঁকে কেন্দ্র করে মানুষ গোলাকারের মতো ঘুরবে। কাল ও সময় দুটি সঞ্চালন করছেন দেবী। দুর্গাপ্রতিমার মধ্যে যোগিনীর আদল দেখা যাবে। প্রাচীন স্থাপত্য দেখা যাবে। প্রতিমা গড়েছেন গভর্নমেন্ট আর্ট কলেজের প্রোফেসর অখিলচন্দ্র দাস, আবহসঙ্গীতে দীপময় দাস। থিমের বিষয় ভাবনা নিয়ে গবেষনায় ড. সৌজিৎ দাস। মণ্ডপে আলোর দায়িত্বে মানস দাস।'



নেতাজি জাতীয় সেবাদলের মণ্ডপ।


**গোলাঘাটা সম্মিলনী**

বিবাহ–বিচ্ছেদ এখন একটা সামাজিক ব্যাধিতে পরিণত হয়েছে। সম্পর্ক গড়তে কত না সময় লাগে, ভাঙতে ততটা সময় নেয় না। স্বামী–স্ত্রীর মধ্যে ডিভোর্স আইনসিদ্ধ, কিন্তু বাবা–মায়ের মধ্যে সম্পর্কের ভাঙনের আগে ভবিষৎ প্রজন্মের কথা অবশ্যই ভাবা উচিত। দুজন হয়তো নিজেদের কাছে জিতে গেলেন। কিন্তু হেরে গেল ওই ছোট্ট বাচ্চাটি। আগামীতে অনিশ্চয়তার চাপ, আইনি জটিলতা, পরিবার হারানোর ভয়কে সামনে রেখে বাচ্চাটি বড় হবে। মানসিকভাবে বিপর্যস্ত হয় নতুন প্রজন্ম। পারিবারিক সম্পর্কের গুরুত্বকেই দুর্গাপুজোর থিমের বিষয় করেছে গোলাঘাটা সম্মেলনী। তাদের ৪৭তম বর্ষের থিম 'ব্রেক ফেল'। পুজো কমিটির সম্পাদক শঙ্কর সরকার জানালেন, 'থিম ভাবনায় শিল্পী মানস রায়। প্রতিমা দীপেন মণ্ডল। বিখ্যাত হ্যান্ড শ্যাডোগ্রাফার অমর সেন নানা গল্প তুলে ধরবেন দর্শকদের মাঝে। আবহ করছেন কৌশিক।' শিল্পী মানস রায় জানালেন, 'মণ্ডপজুড়ে বিভিন্ন আর্ট ফর্ম দেখা যাবে। যে যে বিষয় সম্পর্কের বিচ্ছেদ ঘটায়, তা প্রতীকী হিসাবে থাকবে। দেখা যাবে স্বামী–স্ত্রীর দুটি মুখ থাকবে বিপরিতমুখী। মাঝে বিশাল বড় একটা বাচ্চার স্কাল্পচার। দেবীদুর্গাকে এখানে আমার–আপনার ঘরের মা।'

# মস্তিষ্কে টিউমারের সফল অস্ত্রোপচার

আজকালের প্রতিবেদন

ঝাড়খণ্ডের মহিলার বিরল ব্রেন টিউমারের অস্ত্রোপচার সফলভাবে হল কলকাতায়। ঝাড়খণ্ডের বোকারোর বাসিন্দা ৫৯ বছরের কৃতিদেবী ক্রমাগত মাথাব্যথা ও দু'চোখের দৃষ্টিশক্তি হ্রাসের সম্মুখীন হচ্ছিলেন। স্থানীয় চিকিৎসককে দেখিয়ে রোগের নির্দিষ্ট কারণ শনাক্ত না হওয়ায় কলকাতার ফর্টিস হাসপাতালে আসেন। টিউমারটি মস্তিষ্কের এমন এক অবস্থানে ছিল যে অপটিক নার্ভের ওপর চাপ সৃষ্টি হচ্ছিল। পিটুইসাইটোমা নামে বিরল এক ধরনের টিউমার হয়। ফর্টিসের নিউরোসার্জারি বিভাগের অধিকর্তা ডাঃ জি আর বিজয়কুমারের নেতৃত্বে অস্ত্রোপচার সফল হয়।





গ্রামীণ হস্ত ও কুটির শিল্পীদের পাশে কলকাতার পুজো কমিটিগুলি। বণিকসভা বিএনসিসিআই আয়োজিত মেলায় পুজোর অতিথিদের উপহার দেওয়ার জন্য সামগ্রী কিনলেন পুজোকর্তারা। ছিলেন শ্রীভূমি স্পোর্টিং ক্লাব, হরিনাথ দে রোড সর্বজনীন, শ্যামপুকুর স্ট্রিট সর্বজনীন, রামমোহন সম্মিলনী, সমাজসেবী, উত্তর কলকাতা সর্বজনীন, উল্টোডাঙা জয়ন্তী স্পোর্টিং ক্লাব, ওয়ার্ডস ইনস্টিটিউশন স্ট্রিট দুর্গাপুজো সমিতি, রামমোহন রায় রোড তরুণ সঙ্ঘ, যোগীপাড়া রোড পুজো কল্যাণ সমিতি, দক্ষিণেশ্বর ডোমেস্টিক এরিয়া দুর্গাপুজো সমিতি, বেলেঘাটা ৩/১–এর পল্লী উন্নয়ন সমিতি, ট্যাংরা ঘোল পাড়া সর্বজনীন, বৃন্দাবন মাতৃমন্দির, বেলেঘাটা ৩৩ পল্লীর প্রতিনিধিরা। রবিবার। ছবি: আজকাল

# টাকা ফেরত না পেয়ে অপহরণ, গ্রেপ্তার ৩

আজকালের প্রতিবেদন

রেখে দেওয়া টাকা ফেরত না পেয়ে অপহরণ। ৪৮ ঘণ্টার মধ্যে অপহৃতকে উদ্ধার করল তিলজলা থানার পুলিশ। গ্রেপ্তার হল তিন অপহরণকারী। ধৃতরা হল দীপককুমার দাশ, দিলীপকুমার রাম ও সমীর আনসারি। ধানবাদের বাসিন্দা তিন যুবক কোনও কল সেন্টারে কাজ করত। সূত্রের খবর, অপহৃত ও অপহরণকারীরা একে অন্যের বন্ধু।

পুলিশ জানিয়েছে, নাসিম হোসেন নামে এক যুবকের কাছে কিছু টাকা রেখেছিল অভিযুক্তরা। কিন্ত তার থেকে কিছু টাকা খরচ করে ফেলেন নাসিম। ফলে টাকা ফেরত চাইলে তা দিতে পারছিলেন না তিনি। এরপরই নাসিমকে অপহরণের ছক কষা হয়। সেইমতো ১১ সেপ্টেম্বর তাঁকে অপহরণ করে ধানবাদে নিয়ে যায় অভিযুক্তরা। এরপর অপহরণকারীরা ২ লক্ষ টাকা মুক্তিপণ চেয়ে নাসিমের বাড়িতে ফোন করে। তিলজলা থানায় অভিযোগ দায়ের করে অপহৃতের পরিবার। তদন্তে নেমে পুলিশ ধানবাদে অভিযান চালিয়ে নাসিম হোসেনকে উদ্ধার করে। সেখান থেকেই গ্রেপ্তার হয় তিন অপহরণকারী। রবিবার ধৃতদের আলিপুর আদালতে তোলা হলে বিচারক ২০ সেপ্টেম্বর পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দেন।



বৃষ্টির মধ্যে কুমোরটুলি থেকে পলিথিনে ঢেকে নিয়ে যাওয়া হচ্ছে প্রতিমা। রবিবার। ছবি: অভিজিৎ মণ্ডল

**ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেড**

VESUVIUS

রেজি অফিস: পি-১০৪ তারাতলা রোড, কলকাতা - ৭০০০৮৮
সিআইএন: L26933WB1991PLC052968
ফোন: (০৩৩)৬১০৯০৫০০
ই মেল: vesuviusindia@vesuvius.com, ওয়েবসাইট: www.vesuviusindia.in

**শেয়ারহোল্ডারদের জন্য বিজ্ঞপ্তি**

**১০০ দিনের প্রচারণা - 'সক্ষম নিবেশক' - কেওয়াইসি এবং অন্যান্য সম্পর্কিত আপডেট এবং শেয়ারহোল্ডারদের সাথে জড়িত থাকার জন্য যাতে অবৈতনিক / দাবিহীনদের স্থানান্তর রোধ করা যায় ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) এর লভ্যাংশ**

এতদ্বারা ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেড (কোম্পানি) এর শেয়ারহোল্ডারদের জানানো হচ্ছে যে, ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড কর্তৃপক্ষ (আইইপিএফএ), কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় (এমসিএ) এর ১৬ জুলাই, ২০২৫ তারিখের চিঠি অনুসারে, কোম্পানি **২৮ জুলাই, ২০২৫ থেকে ৬ নভেম্বর, ২০২৫** পর্যন্ত ১০০ দিনের **'সক্ষম নিবেশক'** প্রচারণা শুরু করেছে।

এই প্রচারাভিযানের সময়, যারা তাদের লভ্যাংশ দাবি করেননি বা তাদের কেওয়াইসি এবং মনোনয়নের বিবরণ আপডেট করেননি বা দাবি না করা লভ্যাংশ এবং শেয়ার সম্পর্কিত কোনও সমস্যার সম্মুখীন হন, তারা কোম্পানির রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট, মেসার্স সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড, রসোই কোর্ট ৫ম তলা ২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা ৭০০০০১, টেলিফোন: ০৩৩-৬৯০৬-৬২০০ অথবা ranu.deytalukdar@in.mpms.mufg.com; ranarc@cbmsl.co; ranjanm@cbmsl.co এই ঠিকানায় ইমেল করতে পারেন। কোম্পানির vesuviusindia@vesuvius.com এই ঠিকানায় ইমেলও পাঠানো যেতে পারে। এই প্রচারাভিযানের মাধ্যমে শেয়ারহোল্ডারদের কাছে তাদের কেওয়াইসি, ব্যাঙ্ক বিশদ, মনোনয়নের বিবরণ, যোগাযোগের তথ্য ইত্যাদি আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে, যাতে তাদের শেয়ার এবং লভ্যাংশের পরিমাণ আইইপিএফএ-তে স্থানান্তরিত না হয়।

**ভিসুভিয়াস ইন্ডিয়া লিমিটেডের জন্য**
**স্বা/-**
**সাহেব আলী**
**কোম্পানি সচিব এবং কমপ্লায়েন্স অফিসার**

তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০২৫
স্থান: কলকাতা

ফর্ম নং: ১৪
[রেগুলেশন ৩৩(২) দ্রষ্টব্য]
প্রাপ্তিস্বীকারপত্র–সহ রেজিস্টার্ড ডাক দ্বারা, হাতে করে, ব্যর্থ হলে প্রকাশনের মাধ্যমে

**রিকভারি অফিসার–I/II–এর অফিস**
**ডেটস রিকভারি ট্রাইবুনাল শিলিগুড়ি**
ফ্লোর নং ২, পিসিএম টাওয়ার, সেবক রোড, শিলিগুড়ি–৭৩৪০০১ (পশ্চিমবঙ্গ)

**দাবি বিজ্ঞপ্তি**

**রিকভারি অফ ডেটস অ্যান্ড ব্যাঙ্করাপসি অ্যাক্ট, ১৯৯৩–এর ধারা নং ২৫ থেকে ২৮ এবং ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১–এর দ্বিতীয় তফসিলের রুল ২ অধীনে বিজ্ঞপ্তি।**

**আরসি/৩৩/২০২২** **২৪.০৭.২০২৫**

এআরসিআইএল
বনাম
শ্রীমতী লক্ষ্মী কান্ত মুখিয়া এবং অন্যান্য

প্রতি,

১. শ্রীমতী লক্ষ্মী কান্ত মুখিয়া, স্বামী শ্রী জিৎ বাহাদুর মুখিয়া, টি এন রোড, পোঃ ও থানা প্রধাননগর, জেলা দার্জিলিং, পিন কোড–৭৩৪০০৩ এবং সোনাদা পুরাতন সিনেমা হল, পোঃ ও থানা সোনাদা, জেলা দার্জিলিং এবং অফিস অরুণ দীপ ইন্ডেন ডিস্ট্রিবিউটর্স, ঘুম রেল স্টেশনের বিপরীতে, পোঃ ঘুম, থানা এবং জেলা দার্জিলিং।
২. শ্রীমতী বিজয়া রাই, পিতা শ্রী জিৎ বাহাদুর মুখিয়া, টি এন রোড, পোঃ ও থানা প্রধাননগর, জেলা দার্জিলিং, পিন কোড–৭৩৪০০৩ এবং সোনাদা পুরাতন সিনেমা হল, পোঃ ও থানা সোনাদা, জেলা দার্জিলিং এবং অফিস অরুণ দীপ ইন্ডেন ডিস্ট্রিবিউটর্স, ঘুম রেল স্টেশনের বিপরীতে, পোঃ ঘুম, থানা এবং জেলা দার্জিলিং।
৩. শ্রী দেবাশিস মজুমদার, নিবাস সোনাদা পুরাতন সিনেমা হল, পোঃ ও থানা সোনাদা, জেলা দার্জিলিং, পশ্চিমবঙ্গ।

এতদ্দ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **টিএ/২৭১/২০১৭**–এর প্রেক্ষিতে মহামান্য প্রিসাইডিং অফিসার, ডেটস রিকভারি ট্রাইবুনাল, শিলিগুড়ি–এর আদেশ অনুযায়ী জারিকৃত রিকভারি সার্টিফিকেট মোতাবেক আপনাদের (যৌথ ও এককভাবে/ পূর্ণত/ সীমাবদ্ধ) থেকে **₹১২,৭৭,১১৬.০৬ (বারো লক্ষ সাতাত্তর হাজার একশো ষোল টাকা এবং ছয় পয়সা মাত্র),** তৎসহ **১২.০৮.২০১১** থেকে আদায়ের তারিখ পর্যন্ত বার্ষিক **৯.২৫%** হারে বকেয়া ও ভবিষ্যতের সরল সুদ ও মাশুল বাবদ **₹১৫০০০ (পনেরো হাজার টাকা মাত্র)** বকেয়া ও অনাদায়ী রয়েছে।

২. এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উপরিলিখিত অর্থাঙ্ক পরিশোধের জন্য আপনাদের প্রতি নির্দেশ দেওয়া হচ্ছে, যার অন্যথা হলে রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩ ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থান মোতাবেক আপনাদের বিরুদ্ধে বকেয়া পুনরুদ্ধারের আইনি প্রক্রিয়া চালানো হবে।
৩. এতদ্দ্বারা শুনানির পরবর্তী তারিখের মধ্যে আপনাদের পরিসম্পদসমূহের বিশদ খতিয়ান একটি হলফনামার মাধ্যমে ঘোষণার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।
৪. এতদ্দ্বারা এই কার্যাদির পরবর্তী প্রক্রিয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর সামনে ১৫.০৯.২০২৫ তারিখে সকাল ১০টা ৩০ মিনিটে হাজির থাকার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।
৫. ওপরে লেখা অর্থাঙ্ক ছাড়াও আপনারা নিম্নলিখিত অর্থাঙ্ক প্রদানে দায়বদ্ধ:
   (ক) কার্যাদি সম্পন্নকারী এই সার্টিফিকেটের বিজ্ঞপ্তি/ প্রক্রিয়া শুরুর পরবর্তী মেয়াদের জন্যপ্রদেয় সুদ;
   (খ) এই বিজ্ঞপ্তি ও পরোয়ানার পরিষেবা এবং বকেয়া অর্থাঙ্ক পুনরুদ্ধারের কার্যাবলি সংক্রান্ত যাবতীয় মাশুল, চার্জ ও খরচাপাতি।

**নীচে এই ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম। তারিখ: ২৪.০৭.২০২৫।**

স্বাঃ–
রিকভারি অফিসার
ডেটস রিকভারি ট্রাইবুনাল শিলিগুড়ি

আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে যে, সার্টিফিকেট ঋণগ্রহীতা(গণ) দ্বারা প্রদান করা অর্থাঙ্ক, যদি থাকে, সার্টিফিকেট ঋণগ্রহীতা(গণ) এর থেকে এই মামলার সকল বকেয়া ঋণের সম্মিলিত অ্যাকাউন্টে জমা পড়বে এবং রিকভারি অফিসার নিয়মিতভাবে প্রদানের বিষয়ে পোস্ট করবেন।

রক্ষণাবেক্ষণকৃত সম্মিলিত অ্যাকাউন্ট রিকভারি অফিসারের যাচাইয়ের বিষয়। উপরোক্ত বিষয়ে মোট দাবির আপ টু ডেট বিবৃতি এবং সম্পত্তির বিশদ যেখান থেকে ঋণ আদায় করা হবে জমা করার জন্য আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে।

**দ্রষ্টব্য : যেটি প্রযোজ্য নয় বাদ দিন।**